



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগামীগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-

পবিত্র শাবান মাসের চাঁদ দেখা গেছে

আগামীকাল থেকে শাবান গণনা শুরু

আগামী ১ মে মঙ্গলবার দিবাগত রাতে সারাদেশে পবিত্র লাইলাতুল বরাত

ঢাকা, মঙ্গলবার, ১৭ এপ্রিল ২০১৮॥

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৯ হিজরি সনের পবিত্র শাবান মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামীকাল (১৮ এপ্রিল) বুধবার থেকে পবিত্র শাবান মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১ মে মঙ্গলবার দিবাগত রাতে সারাদেশে পবিত্র লাইলাতুল বরাত পালিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররমস্তু সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক ও জাতীয় চাঁদ দেখা কমিটির সদস্য সচিব সামীম মোহাম্মদ আফজাল।

সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব ড. মোয়াজ্জেম হোসেন, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব মোঃ সাইদুর রহমান, তথ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রেস) মোঃ মিজান-উল-আলম, অতিরিক্ত প্রধান তথ্য কর্মকর্তা ফজলে রাবী, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের চেয়ারম্যান জিয়াউল হাসান এনডিসি, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক মোঃ শাখাওয়াত হোসেন, ঢাকা আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ, ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নূরজল ইসলাম, উপ-ওয়াক্ফ প্রশাসক দেওয়ান মোঃ আক্ষুস সামাদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মোঃ আবদুর রহমান, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের বৰ্তীব মাওলানা শেখ নাইম রেজওয়ান ও লালবাগ শাহী জামে মসজিদের বৰ্তীব কুরী আবু রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৯ হিজরি সনের পবিত্র শাবান মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাণ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ রাজব ১৪৩৯ হিজরি, ৪ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ, ১৭ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ মঙ্গলবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র শাবান মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া গিয়েছে।

এমতাবস্থায়, আগামী ৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ, ১৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ বুধবার থেকে পবিত্র শাবান মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১৪ শাবান ১৪৩৯ হিজরি, ১৮ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ, ১ মে ২০১৮ খ্রিস্টাব্দ মঙ্গলবার দিবাগত রাতে সারাদেশে পবিত্র লাইলাতুল বরাত উদযাপিত হবে।

১৭.৪.১৮

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৮০৮৩২